শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল নং-bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২১. ৯১১

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ মোতাবেক পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | (ক) লাইনম্যান গ্রেড-১ হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ লাইনক্রু হিসাবে সর্বমোট ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে;<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ জ্ঞান থাকতে হবে;<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে;<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে;<br>(ছ) লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে;<br>(জ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান কাম্য;<br>(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন-এ, ১ তে বর্ণিত শর্তসমূহ পূরণ হতে হবে ;<br>(ঞ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে ; |

**শর্তাবলীঃ-**

০১। আগ্রহী প্রার্থীগণকে "লাইনটেকনিশিয়ান" পদের বিপরীতে সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদন যথাযথভাবে পূরণ করতঃ আগামী **১৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায়** ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদন পত্রের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড; ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড এবং ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়নি, বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি, পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে প্রত্যয়নপত্র, বিনা আপত্তির সনদপত্রসহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পবিস নির্দেশিকা ৩০০-০৮ ও ৩০০-৫১ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি এবং বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০৩। পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা, আখাউড়া, নবীনগর, নাসিরনগর, সরাইল, আশুগঞ্জ উপজেলার স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্তসম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনেরমান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৭। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নির্বাচিত পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। যে কোন আবেদন পত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করবার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ;

১০। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২/০২/২০২৩

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। ডিজিএম (কসবা/নবীনগর/আখাউড়া/নাসিরনগর/কসবা সদর) জোনাল অফিস/(সদর কারিগরী), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৯। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব)/ওএন্ডএম (বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১২। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট কপি।

২/০২/২৩

(প্রকৌশলী মোঃ শাহজাহান তালুকদার)
জেনারেল ম্যানেজার